ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৫৯৫

তেলিয়ামুড়া,৭ জুলাই,২০২৫

# ৯ জুলাই তেলিয়ামুড়া মহকুমার ৬ স্থানে বিপর্যয় মোকাবিলা বিষয়ক মহড়া

আগামী ৯ জুলাই সকাল ৭টা ৩০ মিনিট থেকে ১১টা ১৫ মিনিট পর্যন্ত তেলিয়ামুড়া মহকুমার ছয়টি স্থানে প্রাকৃতিক বিপর্যয়, অর্থাৎ ভূমিধস ও বন্যা মোকাবিলার বিষয়ে এক মেগা মহড়া অনুষ্ঠিত হবে। তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামি ব্লকের ৩৬ মাইল ও ৪৩ মাইল এলাকায় ভূমিধস বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে। এছাড়া তেলিয়ামুড়া ব্লকের চালিতাবাড়ি, তেলিয়ামুড়া পুর পরিষদের অন্তর্গত দশমীঘাট প্রাঙ্গণ এবং কল্যাণপুর ব্লকের কুচপাড়া ও মরগাং এলাকায় বন্যা মোকাবিলা বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে আজ তেলিয়ামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমা শাসকের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার, অতিরিক্ত মহকুমা শাসক অপূর্ব কৃষ্ণ চক্রবর্তী, মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেন, তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন ব্লকের বিডিও এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকবৃন্দ। সভায় মহকুমা শাসক পরিমল মজুমদার এবং মহকুমা প্রশাসনের দুর্যোগ ব্যবস্থাপনা শাখার আধিকারিক তথা ডিসিএম অমিত রায় চৌধুরী আগামী ৯ জুলাইয়ের মহড়া সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এই মহড়া পরিচালনায় বিভিন্ন দপ্তর, ভলান্টিয়ার টিম, আপদা মিত্র এবং স্থানীয় জনগণ অংশ নেবেন। উল্লেখ্য, মুঙ্গিয়াকামি ব্লকের ৩৬ মাইল ও ৪৩ মাইল এলাকায় মহড়া চলাকালীন, অর্থাৎ সকাল ৮:৩৫ মিনিট থেকে স্বল্প সময়ের জন্য জাতীয় সড়কে যান চলাচলে বিঘ্ন ঘটতে পারে। এ বিষয়ে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে সকলের সহযোগিতা কামনা করা হয়েছে। সাধারণ জনগণকে জানানো হচ্ছে, এটি শুধুমাত্র একটি মহড়া। এতে অযথা আতঙ্কিত হওয়ার কোনো প্রয়োজন নেই।

*****